



# বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন

প্রশাসন বিভাগ, সদর দফতর

২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

www.bhbfc.gov.bd ✉ dgm.admin@bhbfc.gov.bd

সূত্র নম্বর :এইচবি/এইচও/এডি-১২১(৫)/৭৩৫৫

তারিখ: ০২.০৪.২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)-এর সদর দফতর এবং ঢাকাস্থ জোনাল ও শাখা অফিসসমূহে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারবর্গকে জরুরী চিকিৎসা সেবা প্রদান করার জন্য নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (খন্ডকালীন) নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নিয়োগপ্রাপ্ত চিকিৎসককে সরকারী কর্মদিবসে নির্ধারিত সময়ে কর্পোরেশনের সদর দফতর ভবনে দায়িত্ব পালন করতে হবে।

ক্রম	পদের নাম ও সম্মানী	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা	কর্মপরিধি	নির্ধারিত সময়
০১	চিকিৎসক মাসিক সম্মানী: ৪০,০০০/- টাকা উৎসব বোনাস: মাসিক সম্মানীর ৫০% (সর্বোচ্চ ২টি)	২৫-৬০ বছর	০২ জন (পুরুষ-১জন ও মহিলা:১ জন)	<ul style="list-style-type: none"> <li>বিএমডিসি কর্তৃক স্বীকৃত মেডিকেল কলেজ/ডেন্টাল কলেজ হতে ন্যূনতম এমবিবিএস/বিডিএস ডিগ্রী;</li> <li>বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রদত্ত রেজিস্ট্রেশন সনদ;</li> <li>চিকিৎসা কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>জটিল ও দীর্ঘমেয়াদি রোগের চিকিৎসা;</li> <li>স্বাস্থ্য তথ্য পর্যবেক্ষণের মাধ্যমে বিশেষ চিকিৎসা নিশ্চিতকরণ;</li> <li>নিয়মিত স্বাস্থ্য পর্যবেক্ষণ;</li> <li>মৌলিক স্বাস্থ্য তথ্য সংরক্ষণ;</li> <li>মুখ গহ্বর ও দন্ত সেবা নিশ্চিতকরণ;</li> </ul>	সকাল ১০ ঘটিকা হতে বিকাল ৬.০০ ঘটিকা। (প্রতিদিন কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ২(দুই) শিফটের যেকোন একটিতে দায়িত্ব পালন করতে হবে।)

### শর্তাবলী:

- প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;
- আবেদনপত্রের সাথে প্রার্থীকে পূর্ণ জীবন বৃত্তান্ত, সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি এবং আনুষঙ্গিক কাজগপত্র দাখিল করতে হবে;
- আবেদনপত্র আগামী ২০.০৪.২০২৬ তারিখের মধ্যে প্রশাসন বিভাগ, সদর দফতর, বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন বরাবর পৌছাতে হবে;
- সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় সকল কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে;
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে;
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(আবু বকর সিদ্দিক খান)  
উপমহাব্যবস্থাপক (প্রশাসন)  
ফোন- ০২ ২২৩৩৮২৫৩২